**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ / ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

**এস.আর.ও. নং-১৯৯-আইন/২০১৯/৫৬-মূসক।**- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১৩৫ এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

**১। সংক্ষিপ্ত শিরোনাম।**— এই বিধিমালা বিদেশি শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজক (নিবন্ধন ও শুল্কায়ন) বিধিমালা, ২০১৯ নামে অভিহিত হইবে।

**২। সংজ্ঞা।**— বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) **"অনুষ্ঠান"** অর্থ বিদেশি শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান;

(খ) **"আইন"** অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন);

(গ) **"আয়োজক"** অর্থ বিদেশি শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(ঘ) **"কর"** অর্থ আইনের ধারা ২ এর দফা (২৪) এ সংজ্ঞায়িত কর;

(ঙ) **"নিবন্ধন"** অর্থ আইনের ধারা ৬ এর অধীনে মূল্য সংযোজন কর (মূসক) প্রদানের জন্য নিবন্ধন;

(চ) **"প্রবেশপত্র"** অর্থ অনুষ্ঠানস্থলে প্রবেশের জন্য আয়োজক কর্তৃক ইস্যুকৃত বিধি ৬ এ বর্ণিত প্রবেশপত্র;

(ছ) **"প্রবেশ মূল্য"** অর্থ প্রবেশপত্রের উপর লিখিত মূল্য যাহার মধ্যে মূল্য সংযোজন কর অন্তর্ভুক্ত থাকিবে;

(জ) **"বিভাগীয় কর্মকর্তা"** অর্থ শুল্ক, আবগারি ও মূল্য সংযোজন কর বিভাগের দায়িত্বে নিয়োজিত সহকারী কমিশনার বা উপ-কমিশনার।

**৩। কর আদায় পদ্ধতি।**— আইন বা আইনের অধীন প্রণীত অন্য কোনো বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, বিদেশি শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজক এর নিকট হইতে এই বিধিমালায় বর্ণিত পদ্ধতিতে কর আদায় করা হইবে।

**৪। নিবন্ধন।**— (১) বিদেশি শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনে আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠান মূসক নিবন্ধনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার দপ্তরে

এই বিধিমালার সহিত সংযোজিত **সংযোজনী ‘ক’** এ বর্ণিত ঘোষণাসহ ফরম “মূসক-২.১” এ আবেদন করিবেন এবং উক্ত আবেদনপত্রের সহিত তিনি অনুষ্ঠানের প্রবেশপত্র বিক্রয়ের কেন্দ্রসমূহের ঠিকানা ও অন্যান্য সূত্র উল্লেখ করিবেন।

(২) প্রাপ্ত আবেদনপত্র ও সংশ্লিষ্ট তথ্য সর্বোতভাবে যথাযথ বলিয়া বিভাগীয় কর্মকর্তা সন্তুষ্ট হইলে তিনি আবেদনকারীর অনুকূলে একটি নিবন্ধনপত্র ইস্যু করিবেন।

(৩) অনুষ্ঠান আয়োজনের জন্য সংশ্লিষ্ট সরকারি বিভাগ বা দপ্তরের অনুমতি গ্রহণার্থে আবেদনপত্রের সহিত আয়োজককে নিবন্ধনপত্রের একটি প্রতিলিপি অনুমতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করিতে হইবে।

(৪) আয়োজক তৎকর্তৃক প্রদত্ত ঘোষণা বিভাগীয় কর্মকর্তার নিকট গ্রহণযোগ্য বিবেচিত হওয়া সাপেক্ষে উহার ভিত্তিতে আদায়যোগ্য মূল্য সংযোজন করের দ্বিগুণ পরিমাণ অর্থের ব্যাংক গ্যারান্টি প্রদান করিবেন, যাহা অনুষ্ঠান আরম্ভের তারিখ হইতে শুরু করিয়া অনুষ্ঠান সমাপ্ত হইবার পরবর্তী অন্যূন এক মাসের জন্য বলবৎ থাকিবে।

**৫। কর প্রদান।**— (১) আয়োজক অনুষ্ঠান সমাপ্তির পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে প্রকৃত বিক্রয়ের উপর প্রদেয় কর ট্রেজারি চালানের মাধ্যমে “(১/১১৩৩/কমিশনারেট কোড/০৩১১)” খাতে সরকারি ট্রেজারিতে জমা প্রদানপূর্বক মূল ট্রেজারি চালান ও এই বিধিমালার সহিত সংযোজিত **সংযোজনী “ক”** এ বর্ণিত ঘোষণাসহ ফরম মূসক ৯.১ এ একটি দাখিলপত্র বিভাগীয় কর্মকর্তার নিকট পেশ করিবেন। উক্ত দাখিলপত্রে বর্ণিত তথ্য এবং বিধি ৭ অনুসারে দায়িত্বপ্রাপ্ত মূল্য সংযোজন কর কর্মকর্তার নিকট হইতে প্রাপ্ত প্রতিবেদনের তথ্য সামঞ্জস্যপূর্ণ প্রতীয়মান হইবার সাত কার্যদিবসের মধ্যে বিভাগীয় কর্মকর্তা বিধি ৪(৪) এ উল্লিখিত ব্যাংক গ্যারান্টি আয়োজকের অনুকূলে অবমুক্ত করিবেন এবং দাখিলপত্রটি প্রয়োজনীয় পরীক্ষা শেষে কমিশনারের দপ্তরে প্রেরণপূর্বক অনুলিপি সার্কেল অফিসে প্রেরণ করিবেন।

(২) অনিবার্যকারণে অনুষ্ঠান আয়োজন সম্ভব না হইলে উহার স্বপক্ষে যথাযথ প্রমাণপত্রসহ বিক্রয়কৃত প্রবেশপত্রের অর্থ ক্রেতাদের নিকট ফেরত প্রদানের বিজ্ঞপ্তি জাতীয় দৈনিকে প্রকাশ সংক্রান্ত পেপার কাটিং বিভাগীয় কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে। প্রাপ্ত প্রমাণাদি যথাযথ বিবেচিত হইবার সাত কার্যদিবসের মধ্যে বিভাগীয় কর্মকর্তা বিধি ৪(৪) এ উল্লিখিত ব্যাংক গ্যারান্টি অবমুক্তির আদেশ প্রদান করিবেন।

(৩) উপ-বিধি (১) এ উল্লিখিত সময়ের মধ্যে প্রদেয় মূসক পরিশোধের স্বপক্ষে মূল ট্রেজারি চালান পাওয়া না গেলে কিংবা উহা সঠিক প্রমাণিত না হইলে বিভাগীয় কর্মকর্তা বিধি ৪(৪) এ উল্লিখিত ব্যাংক গ্যারান্টি নগদায়নের জন্য সংশ্লিষ্ট ব্যাংককে আদেশ প্রদানসহ আইনানুগ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

(৪) আয়োজক কর্তৃক প্রদত্ত ব্যাংক গ্যারান্টিতে উল্লিখিত অর্থের তুলনায় আদায়যোগ্য মূসক-এর পরিমাণ অধিক বলিয়া প্রমাণিত হইলে এবং আয়োজক উহা প্রদান না করিলে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা দাবিনামা জারিপূর্বক আইনের বিধান অনুযায়ী সরকারের প্রাপ্য রাজস্ব আদায়ের ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

**৬। প্রবেশপত্র।**— অনুষ্ঠানস্থলে প্রবেশের জন্য প্রত্যেক দর্শককে পারফোরেশন দ্বারা দুইটি অংশে বিভক্ত একটি প্রবেশপত্র ইস্যু করিতে হইবে যাহার প্রতিটি অংশে বহি নম্বর, ক্রমিক নম্বর,

শ্রেণি বা ক্যাটাগরি, শো'র তারিখ ও সময় এবং করসহ প্রবেশ মূল্য সুস্পষ্ট ও অনপনীয়ভাবে মুদ্রিত থাকিতে হইবে। প্রবেশপত্রের দ্বিতীয় অংশ দর্শক বা ক্রেতাকে প্রদান করিতে হইবে এবং প্রথম অংশ আয়োজককে রেকর্ড হিসাবে সংরক্ষণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, সৌজন্যমূলক প্রবেশপত্র বা পাশের মাধ্যমে কোনো দর্শককে অনুষ্ঠানস্থলে প্রবেশের সুযোগ প্রদান করা হইলে সেইক্ষেত্রে এই বিষয়ে পূর্বাহ্নেই বিভাগীয় কর্মকর্তা বরাবর একটি ঘোষণা প্রদান করিতে হইবে এবং এইরূপ পাসের সংখ্যা কোনোভাবেই বিক্রয়কৃত মোট প্রবেশপত্রের শতকরা পাঁচ ভাগের বেশি হইবে না।

**৭। মূল্য সংযোজন কর কর্মকর্তার করণীয়।**— আয়োজক কর্তৃক প্রদত্ত ঘোষণা ও তথ্যাদি সম্পর্কে নিশ্চিত হইবার প্রয়োজনে এবং সরকারের প্রাপ্য রাজস্ব আদায়ের স্বার্থে বিভাগীয় কর্মকর্তা যেকোনো মূল্য সংযোজন কর কর্মকর্তাকে প্রবেশপত্র বিক্রয়ের কেন্দ্রসমূহের ঠিকানা, সূত্র ও অনুষ্ঠান অঙ্গাণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অনুসন্ধান পরিচালনার নির্দেশ দিতে পারিবেন। প্রত্যেক দিনের অনুষ্ঠান সমাপ্তির পরবর্তী কার্যদিবসে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রবেশপত্র বিক্রয়ের তথ্যসহ উপরে উল্লিখিত বিষয়ে একটি প্রতিবেদন বিভাগীয় কর্মকর্তার বরাবরে দাখিল করিবেন।

**৮। জরিমানা।**— এই বিধিমালার কোনো বিধান লঙ্ঘন করিবার ক্ষেত্রে আইনের ধারা ৮৫ অনুযায়ী জরিমানা আরোপ করা যাইবে।

**সংযোজনী 'ক'**

**বিদেশি শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান সম্পর্কিত ঘোষণা**
**[বিধি ৪ ও ৫ দ্রষ্টব্য]**

বরাবর
বিভাগীয় কর্মকর্তা
শুল্ক, আবগারি ও মূল্য সংযোজন কর,..............................।

১। সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজকের নাম:
২। ঠিকানা :
৩। টেলিফোন : ফ্যাক্স :
৪। নিবন্ধন নম্বর: (মূসক অফিস পূরণ করিবে).....................
৫। টিআইএন (যদি থাকে):...............................
৬। বিক্রয়তব্য/বিক্রয়কৃত প্রবেশপত্রের মূল্য ও সম্ভাব্য/প্রকৃত সংখ্যা:

| ক্রমিক নং | অনুষ্ঠানের তারিখ ও সময় | শ্রেণি/ক্যাটাগরি | একক মূল্য | মোট সংখ্যা | মোট মূল্য | প্রযোজ্য/প্রদত্ত মূসক {মোট মূল্য ×৩/২৩} |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | | |

৭। মোট অনুষ্ঠানের সংখ্যা (সম্ভাব্য/প্রকৃত):
৮। যেইসব স্থানে প্রবেশপত্র বিক্রয় করা হইবে সেইসব স্থানের নাম ও ঠিকানা :
৯। অনুষ্ঠানস্থলের ঠিকানা:
১০। অনুষ্ঠান শুরু হইবার তারিখ ও সময় :
১১। অনুষ্ঠান শেষ হইবার তারিখ ও সময়:

আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, উল্লিখিত তথ্য ও ঘোষণা সত্য ও নির্ভুল।

তারিখ: আবেদনকারীর নাম ও স্বাক্ষর

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি)**
**সিনিয়র সচিব**